গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী।

তারিখ : ১১/১১/২০২৪ খ্রি.

# ২০২২ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি শেষ পর্ব পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/শেষপর্ব পরীক্ষার নিয়মিত, প্রাইভেট, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত,অনিয়মিত, প্রাইভেট ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

## বিষয় ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | বার |
|---|---|---|---|
| ১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস ও সংস্কৃতি,ইতিহাস দর্শন, রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম, অর্থনীতি, | ১৭/১১/২০২৪ | রবিবার |
| ২ | হিসাববিজ্ঞান,ব্যবস্থাপনা,পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা , প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা,গণিত | ১৮/১১/২০২৪ | সোমবার |

## বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি নিয়মিত ও অনিয়মিত | অনিয়মিত F গ্রেড প্রাপ্ত | প্রাইভেট | অনিয়মিত F গ্রেড প্রাপ্ত (প্রাইভেট) |
|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি,হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা সমাজকর্ম | ৩৯২৫/- | ৩১২৫/- | ৩৬৭৫/- | ২৮৭৫/- |
| ০২ | রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান | ৪১২৫/- | ৩৩২৫/- | ------- | ------- |

বিশেষ দ্রষ্টব্য : যে সকল শিক্ষার্থী পূর্বের শিক্ষাবর্ষগুলোতে অংশগ্রহণ করে F গ্রেড প্রাপ্ত হয়েছে শুধু তাদের ক্ষেত্রে প্রযোজ্য ২০২০ বা ২০২১ সালে যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করে অংশগ্রহণ করে নাই বা অকৃতকার্য হয়েছে তাদের ক্ষেত্রে সাময়িক সনদ ও নম্বরপত্র ফি প্রযোজ্য হবে না।

## অকৃতকার্য, মানউন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি ও টাকা:

| গ্রেড উন্নয়ন | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| | ১০৫০/- | ১৩০০/- | ১৫৫০/- | ১৮০০/- | ২০৫০/- | ২৩০০/- |

বিশেষ দ্রষ্টব্য : কলেজ নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীদেরকে ফরম পূরণের কাজ সম্পন্ন করতে হবে অন্যথায় টাকা পেমেন্ট অপশন অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্ভার ত্রুটির জটিলতার কারণে ফরম পূরণে সমস্যা হলে শিক্ষার্থীকে তা বহন করতে হবে।

১। আবেদন ফরম সংগ্রহ :

পরীক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd অথবা https://www.nubd.info/formfillup/ থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে এবং প্রিন্টকৃত ফরম কলেজ কর্তৃক নির্ধারিত সময়ে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ও শর্তাবলী :

ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২২ সালের প্রাইভেট শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীগণ ২০২০ এবং ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২২ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সব পত্র/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীগণ ২০২০ এবং ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০২১ সালের পূর্বে কোন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই এবং ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসকল শিক্ষার্থীগণ এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সে সকল শিক্ষার্থীগণ রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে **F গ্রেড ব্যতীত C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২(দুই) টি কোর্সে** মান উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এ সকল শিক্ষার্থীগণ ২০২২ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

ঙ) ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থীগণ CGPA 2.5 এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০২২ সালে শুধু মাত্র ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের এবং প্রাইভেট ২০২০ ও ২০২১ সালের পরীক্ষায় সেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে সেসব কোর্স/পত্রে সর্বোচ্চ ০২(দুই)টি পত্রে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **উল্লেখ্য, এ সকল শিক্ষার্থীগণের ইনকোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।**

## ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি :

**নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের** ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশানে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

## পরীক্ষার্থীদের জন্য করণীয় :

**Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, পাসপোর্ট সাইজের সদ্য তোল রঙিন ছবি ০১ কপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও Payment History থেকে ডাউনলোডকৃত টাকা জমাদানে প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।**

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।